শিক্ষার্থীদের জন্য পরিষেবাগুলি

আর্থিক ও অন্যান্য সহায়তার একটি নির্দেশিকা

ওয়ার্কার্স এডুকেশনাল অ্যাসোসিয়েশন (Workers' Educational Association) সাম্য ও বৈচিত্র্যের প্রতি দায়বদ্ধ

শিক্ষার্থীদের জন্য পরিষেবাগুলি

ওয়ার্কার্স এডুকেশনাল অ্যাসোসিয়েশন (Workers' Educational Association (WEA)) ***হল পূর্ণবয়স্কদের জন্য শিক্ষামূলক সুযোগসুবিধা প্রদানকারী একটি দাতব্য সংস্থা। আমরা মূলত 19 বছর বা তার বেশি বয়সের মানুষদের অর্থ সাহায্য বা ফান্ডিং দিই। আপনি একটি WEA কোর্স শুরু করার সময়ে কী কী আশা করতে পারেন, সেই সম্বন্ধে আপনাকে জরুরি তথ্য দেওয়ার জন্য এই লিফলেট প্রস্তুত করা হয়েছে।***

কোথায় আরও তথ্য পাওয়া যায়

আপনি নিচের উপায়ে আরও তথ্য পেতে পারেন:

- ***আপনার সবচেয়ে কাছের রিজিওনাল অফিসে (পিছনের পাতায় দেখুন) কর্মীদের সাথে কথা বলে***
- ***আমাদের ব্রোশিওর (তথ্যপুস্তিকা) বা অন্য লিফলেট থেকে***
- ***আপনার স্থানীয় শাখা বা স্থানীয় সংগঠকের সাথে কথা বলে***
- ***আপনি যদি ইতিমধ্যেই একটি কোর্সে থাকেন, তাহলে আপনার শিক্ষকের সাথে কথা বলে***
- ***আমাদের ওয়েবসাইট www.wea.org.uk থেকে।***

আপনি বড় ছাপার হরফে তথ্য পাওয়ার জন্য, কিংবা তথ্যটি আপনাকে পড়ে শোনানোর জন্যও অনুরোধ করতে পারেন। কিছু তথ্য অন্য ভাষাগুলিতেও পাওয়া যায়।

WEA *এর বাইরের শিক্ষা বিষয়ক তথ্যের জন্য,* **www.nationalcareersservice.direct.gov.uk** *এ সরকারের ন্যাশনাল কেরিয়ার্স সার্ভিসে* (National Careers Service) *চেষ্টা করুন বা* **0800 100 900** *এ ফোন করুন। আপনি অনলাইনে স্কিল্স হেলথ চেক সম্পূর্ণ* (***Skills Health Check***) *(দক্ষতার অবস্থা যাচাই) করতে পারেন এবং আপনার পরের ধাপগুলির সম্বন্ধে তথ্যও পরামর্শ পেতে পারেন।*

আমাদের সব কর্মীরাই সাহায্যের জন্য অনুরোধগুলিকে গোপনীয় হিসাবে বিবেচনা করবেন। আপনি যদি সরাসরি আপনার শিক্ষককে জিজ্ঞাসা করতে না চান, তাহলে আপনি আপনার স্থানীয় সংগঠকের সাথে কথা বলতে পারেন- আপনার শিক্ষকের কাছে তার সঙ্গে যোগাযোগের বিশদ তথ্য থাকবে- কিংবা আপনার রিজিওনাল অফিসের সাথেও কথা বলতে পারেন।

ফী

WEA *এর অধিকাংশ কোর্স সরকারী অনুদানে আয়োজন করা হয়, তবে শিক্ষার্থীদের সাধারণত একটি কোর্স ফী এর মাধ্যমে কিছুটা অর্থ পরিশোধ করতে হয়।*

আপনি যদি একটি যোগ্যতাসম্পন্ন বেনিফিট পান, তাহলে আপনি ফী থেকে অব্যাহতির মাধ্যমে আপনার কোর্স ফীগুলি পরিশোধের অধিকারী হতে পারেন। সব কোর্সগুলো ফী থেকে অব্যাহতি পাওয়ার যোগ্য হয় না। আপনার উচিত সবসময় আমাদের সঙ্গে এটা যাচাই করে নেওয়া, তার জন্য **www.wea.org.uk** *এ আমাদের কোর্স সন্ধান দেখুন অথবা আপনার সবচেয়ে কাছের রিজিওনাল অফিসের সাথে যোগাযোগ করুন।*

আমাদের এনরোলমেন্ট ফর্মে যোগ্যতাসম্পন্ন বেনিফিটগুলোর তালিকা দেওয়া আছে। বর্তমানে এর মধ্যে জব সীকার্স অ্যালাউন্স
(Job Seeker's Allowance), *ইনকাম সাপোর্ট* **(Income Support)** *ও এমপ্লয়মেন্ট সাপোর্ট অ্যালাউন্সের মত বেনিফিটগুলি* **(Employment Support Allowance)** *ওয়ার্ক রিলেটেড অ্যাক্টিভিটি গ্রুপের* **(Work Related Activity Group)***(চাকরি সংক্রান্ত ক্রিয়াকলাপ শ্রেণী) অন্তর্ভুক্ত আছে। বেশির ভাগ কোর্সের ক্ষেত্রে* (Housing Benefit)**,** *হাউসিং বেনিফিট*
(Council Tax Benefit), *কাউন্সিল ট্যাক্স বেনিফিট* **(Working Tax Credit),** *ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট (যদি আপনার পরিবারের আয় বার্ষিক* **£15,276** *এর কম হয়) ও পেনশন গ্যারান্টি ক্রেডিট* **(Pension Guarantee Credit)** *এর জন্যও ফী থেকে অব্যাহতি পাওয়া যেতে পারে। ডিসেবিলিটি লিভিং* **(Disability Living Allowance)** *অ্যালাউন্সের মত যে সব বেনিফিটগুলি উপার্জনের সাথে সম্পর্কিত নয়, সেগুলি আপনা থেকেই আপনাকে যোগ্যতা দেয় না।*

প্রাথমিক ইংরেজী ও অঙ্কের কিছু সরকারী অনুদানপ্রাপ্ত কোর্স বিনামূল্যে দেওয়া হয়। বিনামূল্যে আপনার ইংরেজী ও অঙ্কের দক্ষতার মূল্যায়ন করার ব্যাপারে আপনার রিজিওনাল অফিসকে জিজ্ঞাসা করুন। এটা আপনাকে নিজের জন্য সঠিক কোর্স খুঁজে পেতে সাহায্য করবে।

একটি সরকারী অনুদানপ্রাপ্ত কোর্স এর জন্য যোগ্যতা অর্জন, ফী এর ক্ষেত্রে সাহায্য বা অন্যান্য আর্থিক সাহায্যের জন্য আপনাকে সাধারণত ইউকে (UK)*-তে 'স্থায়ীভাবে বসবাসরত' হতে হবে অথবা স্থায়ীভাবে বসবাসরত কোনও ব্যক্তির স্বামী-স্ত্রী বা জীবনসঙ্গী (সিভিল পার্টনার) হতে হবে। স্থায়ীভাবে বসবাসরত মানুষদের প্রধান শ্রেণীগুলি হল:*

- *ব্রিটিশ বা* EU *এর নাগরিক, অথবা ইউকে-তে বসবাসের অধিকার (রাইট টু অ্যাবোড* (Right of Abode) *আছে এমন ব্যক্তিরা*
- *আগে* EEA*-তে স্থায়ীভাবে বসবাস করতেন এমন* EEA *অভিবাসী কর্মীরা।* (EEA *বলতে বোঝায় ইউরোপিয়ান ইকোনমিক এরিয়া। এর মধ্যে* EU *ছাড়াও আইসল্যান্ড* (Iceland), *লিক্টেনস্টাইন* (Liechtenstein), *নরওয়ে* (Norway), *সুইজারল্যান্ড* (Switzerland) *এবং তাদের বৈদেশিক অঞ্চলগুলি অন্তর্ভুক্ত।)*
- *শরণার্থী, অথবা লিভ টু রিমেইন* (Leave to Remain) *বা মানবতাবাদী সুরক্ষা পেয়েছেন এমন মানুষ*
- *যে সব মানুষ গত* 3 *বছর যাবত আইনত ইউকে-তে বসবাস করছেন (কিন্তু পূর্ণ-সময়ের ছাত্র হিসাবে নয়)।*

বেশির ভাগ ক্ষেত্রে, কোর্স শুরু হওয়ার সময়ে আপনাকে 3 *বছরের জন্য ইউকে-র বৈধ বাসিন্দাও হতে হবে (যদিও কয়েকটি ব্যতিক্রম আছে, তাই আপনাকে জিজ্ঞাসা করতে হবে)।*

নথিভুক্ত হওয়ার সময়ে, আপনাকে আপনার বসবাসের অবস্থা ঘোষণা করতে হবে এবং আপনার বেনিফিটগুলির প্রমাণ দিতে হবে। আপনি যদি নিজের অবস্থার ব্যাপারে নিশ্চিত না হন, তাহলে আপনার শিক্ষক বা রিজিওনাল অফিসের কাছে সাহায্য চান।

আমরা বর্তমানে এটা জানি না যে, আপনি যদি আশ্রয় প্রার্থনা করেন, তাহলে ফী এর ক্ষেত্রে কোনও সাহায্য দেওয়া হবে কি না। আরও পরামর্শের জন্য আপনার রিজিওনাল অফিসের সাথে যোগাযোগ করুন।

কোর্সের খরচগুলির জন্য আর্থিক সহায়তা

ফী এর ক্ষেত্রে সহায়তা পাওয়ার যোগ্যতা শুধুমাত্র ইউকে-র বাসিন্দা হওয়ার উপরেই নির্ভর করে না, আয়ের উপরেও নির্ভরশীল, এবং বিভিন্ন কোর্সগুলির মধ্যে এর পার্থক্য হতে পারে। আপনি যদি বেনিফিট পান কিংবা আপনার আয় কম হয়, তাহলে কোর্সের কিছু খরচের জন্য WEA *এর মাধ্যমে সীমিত আর্থিক সহায়তা পাওয়া যায়, যেমন:*

- *পরীক্ষা বা স্বীকৃতির ফী*
- *আপনার ক্লাস থেকে যাতায়াত (ব্যতিক্রমী পরিস্থিতিতে)*
- *প্রয়োজনীয় বই, উপকরণ বা ফিল্ড ট্রিপ, কোর্সের বিশদ তথ্যে যেমন উল্লেখ করা আছে*

- *শিশুর পরিচর্যা (যদি আপনি রেজিস্টার করা চাইল্ডকেয়ার ব্যবহার করেন)*

মাঝেমধ্যে টিউশন ফী এর দাবিগুলিকেও সমর্থন করা হতে পারে, যদি আপনি অন্য কোনওভাবে ফী থেকে অব্যাহতি পাওয়ার যোগ্য না হন।

আর্থিক সহায়তার ফান্ড সীমিত, তাই আপনাকে সঠিক সময়ে আমাদের কাছে আবেদন করতে হবে। বসবাসের যোগ্যতা ও আর্থিক সমস্যার ভিত্তিতে এগুলি দেওয়া হয়।

আপনাকে নিচের কাজগুলি করতে বলা হবে:

- *আপনি বসবাসের প্রয়োজনীয়তা পূরণ করেন, তা দেখাতে হবে (আগের পাতাগুলি দেখুন)*
- *আর্থিক সমস্যার প্রমাণ দেখাতে হবে; যেমন বেনিফিটের প্রমাণ; পরিবারের কম আয়ের প্রমাণ (সাধারণত বার্ষিক মোট আয় £15,276 এর কম); বার্ষিক আয় ও ব্যয়ের মধ্যে ভারসাম্য রক্ষায় সমস্যার প্রমাণ*
- *একটি সমর্থনকারী ঘোষণা করতে হবে যে আপনি আর্থিক সমস্যার মুখে পড়েছেন।*

আপনি প্রত্যেক শিক্ষাবর্ষে সর্বোচ্চ তিনটি কোর্সের জন্য সাহায্যের আবেদন করতে পারেন। শিশু পরিচর্যা এবং অন্য খরচগুলির কিছু ঊর্ধ্ব সীমা আছে, যা প্রতি বছর পরিবর্তিত হয়। £15,276 এর ঊর্ধ্ব সীমাও বছরে পরিবর্তিত হতে পারে।

প্রতিটি দাবিই সফল হবে না। তবে আপনি যদি আমাদের মাধ্যমে আর্থিক সহায়তা পান, তাহলে আপনাকে অবশ্যই যা করতে হবে:

- *আপনার পরিস্থিতিগুলির পরিবর্তন হলে অবিলম্বে আমাদের জানাতে হবে*
- *আপনি যদি কোনও যথাযথ কারণ ছাড়াই কোর্স ছেড়ে দেন, তাহলে অর্থ ফেরত দিতে হবে*
- *কোর্সের শেষে বই ও উপকরণ ফেরত দিতে হবে, যদি এই অনুরোধ করা হয়।*

আপনি যদি আশ্রয় প্রার্থনা করেন এবং আপনার বয়স 19 বছর বা তার বেশি হয়, তাহলে সাধারণত আপনি এই আর্থিক সহায়তার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

শিক্ষণ সহায়তা

আপনার যদি প্রতিবন্ধকতা, শিক্ষাগত সমস্যা, স্বাস্থ্যের সমস্যা, বা অন্য কোনও সহায়তার প্রয়োজন থাকে, তাহলে আপনাকে কোর্সে সফল হতে সাহায্য করার জন্য আমরা আপনাকে বিশেষজ্ঞ কর্মী ও সংস্থান প্রদানের জন্য সেরা প্রচেষ্টা করব। সাহায্যের কয়েকটা উদাহরণ এখানে দেওয়া হল:

- *আপনার কী কী প্রয়োজন আছে সেটা জানার জন্য একটি মূল্যায়ন*
- *বিল্ডিং এ প্রবেশ করতে সহায়তা*
- *ক্লাসরুমে অতিরিক্ত সাহায্য, যেমন সই করা বা নোট নেওয়ার জন্য কোনও মানুষের সাহায্য*
- *পরীক্ষা বা মূল্যায়নে অতিরিক্ত সময়*
- *হিয়ারিং ইন্ডাকশন লুপ বা ম্যাগনিফায়ার এর মত উপকরণ*
- *ইংরেজী, অঙ্ক বা পড়ার দক্ষতার জন্য অতিরিক্ত সাহায্য বা শিক্ষা সহায়তা।*

আমরা এখনও সাহায্য দেওয়ার সবচেয়ে ভাল উপায়গুলির সম্বন্ধে শিখছি, তাই আপনার শিক্ষকের সঙ্গে আপনার প্রয়োজনগুলির সম্বন্ধে আলোচনা করা এবং আপনার অতিরিক্ত সহায়তার প্রয়োজনগুলির সম্বন্ধে জানিয়ে এনরোলমেন্ট ফর্মে যথাযথ বক্সে টিক দেওয়া জরুরি। আমরা সেটা দেওয়ার জন্য সেরা প্রচেষ্টা করব। আপনি যদি প্রথমে আপনার শিক্ষক ছাড়া অন্য কারও সঙ্গে কথা বলতে চান, তাহলে আপনার রিজিওনাল অফিসে যোগাযোগ করুন এবং শিক্ষণ সহায়তার সম্বন্ধে কারও সঙ্গে কথা বলার অনুরোধ করুন।

আপনি যে ব্যক্তির সঙ্গে কথা বলবেন, তাকে আপনার বিশদ তথ্যগুলি আপনার শিক্ষক বা অন্য কর্মীদের কাছে হস্তান্তরিত করতে হতে পারে। যেমন আমাদের এমন একজন কর্মীকে যুক্ত করতে হতে পারে, যিনি সই করতে পারেন কিংবা যিনি ভাষা বা বেনিফিটের বিষয়ে বিশেষজ্ঞ হতে পারেন। কিছু ক্ষেত্রে আমরা অন্য সংস্থাগুলির সঙ্গে কথা বলার পরামর্শ দিতে পারি, যাদের আপনাকে সাহায্য করার সেরা উপায়ের সম্বন্ধে সহায়ক ধারণা থাকতে পারে।

আমাদের যদি আপনার পক্ষ নিয়ে অন্য কারও সঙ্গে কথা বলার প্রয়োজন হয়, তাহলে আমরা প্রথমে আপনার অনুমতি চাইব। যা ঘটছে সেই সম্বন্ধে আমরা আপনাকে অবহিত রাখব এবং যে কোনও পরবর্তী পদক্ষেপের সম্বন্ধে আপনার সঙ্গে আলোচনা করব।

কোর্স চলাকালীন

সবাইকে **WEA** *এর শিক্ষা থেকে সবচেয়ে ভাল ফল পেতে সমর্থ করার জন্য আমাদের একটা শিক্ষার্থীদের আচরণ বিধি আছে*
(Learner Code of Conduct) *(নিচে দেখুন)। এটা আমাদের নীতিসমূহের ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে এবং এটা সবাইকে দিতে হবে অথবা আপনার ক্লাসরুমে প্রদর্শন করতে হবে। বড় হরফে ছাপানো সংস্করণের জন্য আপনার শিক্ষককে অনুরোধ করুন অথবা আপনার রিজিওনাল অফিসে যোগাযোগ করুন।*

শিক্ষার্থীদের আচরণ বিধি (Learner Code of Conduct)
WEA *এর কোর্স ও ক্রিয়াকলাপে অংশগ্রহণ করার সময়ে, সব কর্মী, ছাত্র ও সদস্যদের কাছ থেকে নিম্নলিখিত আচরণ আশা করা হয়:*

- *আপনার নিজের ও অন্যদের স্বাস্থ্য ও সুরক্ষাকে সুরক্ষিত রাখার জন্য দায়িত্বপূর্ণ ভাবে কাজ করবেন* **(WEA** *এর স্বাস্থ্য ও সুরক্ষা নীতি অনুযায়ী)।*
- *বিভিন্ন প্রেক্ষাপট এবং অন্যদের অভিজ্ঞতা ও জীবনশৈলীকে সম্মান দেবেন।*
- *এমনভাবে কাজ করবেন, যা বিভিন্ন প্রেক্ষাপটের মানুষের বিরুদ্ধে বৈষম্য করে না* **(WEA** *এর সাম্য ও বৈচিত্র্য নীতি অনুযায়ী)।*
- *এমন কোনও ভাষা ব্যবহার করবেন না, যা অন্যদের মনে আঘাত দিতে পারে, যেমন বর্ণবাদী, লিঙ্গবাদী, সমকামী বা বয়স্ক মানুষদের প্রতি অবজ্ঞামূলক, বা প্রতিবন্ধী মানুষদের উদ্দেশ্যে আপত্তিজনক ভাষা।*
- *আপনি যদি মনে করেন যে আপনার প্রতি অসম্মানজনক ব্যবহার করা হয়েছে, আপনাকে হয়রান করা হয়েছে বা আপনার বিরুদ্ধে বৈষম্য করা হয়েছে, তাহলে আপনার কোর্সের শিক্ষক বা* **WEA** *রিজিওনাল অফিসের সাথে যোগাযোগ করুন। তারা আপনার সঙ্গে এই ব্যাপারে পরবর্তী পদক্ষেপ নেবেন।*

- *আপনার সেন্টারের অন্য সমস্ত নীতি মেনে চলবেন। যদি প্রযোজ্য হয়, তাহলে এগুলি ক্লাসরুমে প্রদর্শিত হবে।*

আপনার এনরোলমেন্ট ফর্মে উল্লিখিত লার্নিং এগ্রিমেন্ট (শিক্ষা চুক্তি) এর সাথে আচরণ বিধি থাকে।

কোর্স শুরু হওয়ার সময়ে আপনি আপনার শিক্ষকের সঙ্গে যে সব বুনিয়াদী নিয়মগুলির ব্যাপারে সম্মত হবেন, সেগুলির সঙ্গে যৌথভাবে এগুলি আপনার দায়িত্বসমূহ নির্ধারণ করে এবং যে সব শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে তার ভিত্তি হিসাবে কাজ করে। অনুরোধ করা হলে, বিস্তারিত শৃঙ্খলামূলক পদ্ধতিগুলির বিবরণ পাওয়া যায়।

আপনি যদি কম্পিউটার ব্যবহার করেন, তাহলে আপনাকে এছাড়াও একটা 'ছাত্রদের কম্পিউটার ব্যবহার সংক্রান্ত নীতি' দেওয়া হবে, যেখানে **WEA** *কোর্সে কম্পিউটার ব্যবহার করার জন্য আচরণ বিধি উল্লেখ করা থাকবে।*

নিরাপদ বোধ করা

WEA *একটি স্বাগতকারী পরিবেশ প্রদানের প্রতি দায়বদ্ধ, যেখানে প্রত্যেককে সম্মান ও গুরুত্ব দেওয়া হয়, এবং প্রত্যেকে নিরাপদ ও সুরক্ষিত অনুভব করতে পারেন। আপনি যদি মনে করেন যে আপনি অথবা অন্য শিক্ষার্থীরা বৈষম্য, নির্যাতন, হয়রানি বা উৎপীড়ন সমেত কোনও কারণে অসুরক্ষিত আছেন, তাহলে একজন কর্মীর সঙ্গে কথা বলুন।*

আপনি যদি মনে করেন যে আপনি শিক্ষকের সাথে কথা বলতে পারবেন না, তাহলে আপনার রিজিওনাল অফিসে ফোন করুন এবং ডেজিগনেটেড সেফগার্ডিং **(Designated Safeguarding Person)** *পার্সন এর সঙ্গে কথা বলার অনুরোধ করুন, অথবা* **WEA** *এর ন্যাশনাল সেফগার্ডিং কন্ট্যাক্ট এর সঙ্গে যোগাযোগ করুন, ইনি হলেন: ক্লেয়ার ইলিংওয়ার্থ* **(Claire Illingworth), HR** *ও ডেভেলপমেন্ট ম্যানেজার* **(HR and Development Manager)** *(টেলি:* **0113 245 3304** *বা ইমেল:* **cillingworth@wea.org.uk) /**

বেশির ভাগ নীতি আমাদের ওয়েবসাইট **www.wea.org.uk/policies** *এ দেওয়া আছে, অথবা অনুরোধ করলে, আপনার রিজিওনাল অফিসের কাছ থেকে পেতে পারেন।*

কোর্সের পরে

আপনার কোর্সের পরে কী কী করা যেতে পারে, সেই তথ্যগুলি আপনাকে নাম নথিভুক্ত করা এবং ইন্ডাকশনের সময়েই দেওয়া হবে। কোর্সের শেষের দিকে আপনার শিক্ষকও এই বিষয়ে আপনার সঙ্গে আলোচনা করবেন। আমরা আপনাকে যতটা বিস্তারিত তথ্য বা গভীর নির্দেশনা প্রদান করতে পারি, আপনি যদি তার চেয়েও গভীরে তথ্য পেতে চান, তাহলে আমরা আপনাকে অন্যান্য সংস্থার কাছে রেফার করব যারা আপনাকে সাহায্য করতে পারবে।

এর মধ্যে সবচেয়ে বেশি উপযোগী হল www.nationalcareersservice.direct.gov.uk এ সরকারের ন্যাশনাল কেরিয়ার্স সার্ভিস (National Careers Service) (বিনামূল্যের হেল্পলাইন 0800 100 900). এটি শিক্ষা ও চাকরির সম্বন্ধে বিনামূল্যে ব্যাপক তথ্য ও পরামর্শ প্রদান করে, যার মধ্যে CV তৈরি করা ও অন্যান্য ক্রিয়াকলাপগুলিও অন্তর্ভুক্ত।

আমাদের 'তারপরে কী?' (What Next?) পুস্তিকাটিও সাহায্য করতে পারে। এটিকে প্রতি বছর আপডেট করা হয়, এবং আপনার রিজিওনাল অফিস থেকে এটা পাওয়া যায় অথবা আমাদের ওয়েবসাইট www.wea.org.uk থেকে ডাউনলোড করা যায়। আপনার শিক্ষকের কাছেও এর কপি থাকা উচিত।

WEA এর সদস্যতা এবং স্বেচ্ছাসেবা

আপনি আপনার কোর্স সমাপ্ত করুন বা না করুন, আমরা আপনাকে WEA এর সদস্য বা স্বেচ্ছাসেবী হওয়ার কথা বিবেচনা করতে আমন্ত্রণ জানাই। যারা আমাদের লক্ষ্য ও মূল্যবোধগুলিকে সমর্থন করেন, তাদের সবার জন্য আমাদের সদস্যতা খোলা আছে। সদস্যরা WEA এর প্রচার অভিযান, অর্থ সংগ্রহ ও অনুষ্ঠানগুলির সম্বন্ধে নিয়মিত আপডেট পান, এবং তারা সমীক্ষা ও পোল (ভোট) এর মাধ্যমে মতামত জানাতে সমর্থ হন। আপনি আপনার রিজিওনাল অফিসে যোগাযোগ করে অথবা আপনার পুরো নাম, পোস্টাল ঠিকানা, টেলিফোন নম্বর ও জন্ম তারিখ সহ membership@wea.org.uk এ একটি ইমেল পাঠিয়ে যোগ দিতে পারেন।

WEA এর ক্রিয়াকলাপের প্রাণকেন্দ্রে আছেন স্বেচ্ছাসেবীরা এবং তারা আমাদের কাজের পক্ষে গুরুত্বপূর্ণ। তারা বিনা পারিশ্রমিকে সময় দিয়ে WEA এর দাতব্য লক্ষ্য অর্জনে অবদান দেন এবং তাদের সমাজে একটা পার্থক্য তৈরি করেন। তবে স্বেচ্ছাসেবীরা কিছু মূল্যবান দক্ষতাও অর্জন করেন, যার ফলস্বরূপ তারা চাকরি পেতে পারেন কিংবা পরবর্তী প্রশিক্ষণের সম্বন্ধে ধারণাগুলিকে স্পষ্ট করতে পারেন। আপনি যদি স্বেচ্ছাসেবী হতে আগ্রহী হন, তাহলে আরও তথ্যের জন্য আপনার শিক্ষক বা স্থানীয় সংগঠককে জিজ্ঞাসা করুন অথবা volunteering@wea.org.uk এ ইমেল করুন।

আমাদের সঙ্গে কথা বলা

আমরা পরামর্শ, প্রশংসা ও অন্যান্য ফীডব্যাক পেলে সবসময় আনন্দিত হই, কারণ এগুলি আমাদের পরিষেবার উন্নতি ঘটাতে সাহায্য করে। আপনি নানা উপায়ে আমাদের সাহায্য করতে পারেন। আপনি যা যা করতে পারেন:

- আমাদের ওয়েবসাইটে অনলাইন শিক্ষার্থী সন্তুষ্টি সমীক্ষা সম্পূর্ণ করতে পারেন।
- আপনি কী কী পছন্দ করেন সেটা আমাদের জানানোর জন্য কিংবা উন্নয়নের সম্বন্ধে পরামর্শ দেওয়ার জন্য, আপনি আমাদের সাজেশন্স লাইনে 0800 013 1903 নম্বরে যোগাযোগ করতে পারেন, অথবা suggestions@wea.org.uk এ আমাদের ইমেল করতে পারেন।
- WEA এর সদস্য হন এবং WEA এর গণতান্ত্রিক প্রক্রিয়ায় অংশ নিন।
- সমীক্ষাগুলি সম্পূর্ণ করুন অথবা টেলিফোন সাক্ষাৎকারে অংশ নিন, যদি এটা করতে বলা হয়

আপনি যদি মনে করেন যে কোনও সমস্যা হয়েছে, তাহলে একটা অভিযোগ জানান।

আপনি যদি মনে করেন যে কোনও সমস্যা হয়েছে আর আপনি অভিযোগ জানাতে চান, তাহলে আপনার সবচেয়ে কাছের রিজিওনাল অফিসে টেলিফোন, চিঠি, ফ্যাক্স বা ইমেলের মাধ্যমে যোগাযোগ করুন। বলুন যে আপনি অভিযোগ জানাতে চান। ঘটনার সময়, তারিখ, স্থান ও নামগুলি সমেত, যা ঘটেছে সেই ব্যাপারে আপনার পক্ষে যত বেশি তথ্য দেওয়া সম্ভব, আমাদের তা দিন। সাধারণত প্রথম বারে অভিযোগগুলিকে আপনার রিজিওনাল ডাইরেক্টরের কাছে রেফার করা হবে, যিনি যথাযথতা অনুযায়ী অন্য মানুষদের এই বিষয়ে যুক্ত করবেন।

আপনার অভিযোগ পাওয়ার এক সপ্তাহের মধ্যে আপনাকে একটি প্রথম জবাব দেওয়া হবে, আর চার সপ্তাহের মধ্যে একটি আরও পূর্ণ উত্তর দেওয়া হবে। আমাদের ওয়েবসাইট থেকে আমাদের সম্পূর্ণ অভিযোগ প্রণালী ডাউনলোড করা যায়, অথবা আপনার রিজিওনাল অফিসের সঙ্গেও যোগাযোগ করতে পারেন।

আপনি যদি কোনও সমীক্ষা বা সাক্ষাৎকারে অংশ নেন, তাহলে আমরা আপনার পরিচয়কে গোপন রাখার গ্যারান্টি দিচ্ছি, যদি না আপনি আনুষ্ঠানিকভাবে অন্য কোনও সম্মতি দেন। আমরা আমাদের ওয়েবসাইট **www.wea.org.uk** *এ এবং* **WEA** *নিউজ (রিজিওনাল অফিস এবং ওয়েবসাইট থেকে পাওয়া যায়) এর মাধ্যমে আমাদের ফলাফলগুলি প্রকাশ করি।*

আপনি যদি এটা না চান যে সমীক্ষা, সাক্ষাৎকারের জন্য কেউ আপনার সঙ্গে যোগাযোগ করুন, অথবা আপনাকে পোস্টে কোনও তথ্য পাঠানো হোক, তাহলে আপনার এনরোলমেন্ট ফর্মে ছোট হরফে কয়েকটি 'অপ্ট আউট' বক্স আছে। আপনি যদি এগুলিতে টিক দেন, তাহলে কেউ আপনার সঙ্গে যোগাযোগ করবে না।

আমাদের পরিষেবার লক্ষ্য ও উদ্দেশ্যগুলি

আমরা যে প্রতিশ্রুতি দিতে পারি:

- *আপনাকে নিরপেক্ষ তথ্য ও পরামর্শ দেওয়ার প্রতিশ্রুতি*
- *সমান সুযোগ ও বৈচিত্র্যের প্রতিশ্রুতি*
- *গোপনীয়তা – আপনার ব্যক্তিগত তথ্য অন্য সংস্থার সঙ্গে আদানপ্রদান করা হবে না, যদি না আপনি আমাদের প্রথমে এটা করার অনুমতি দেন (যদি না এটা করার জন্য কোনও আইনসঙ্গত কারণ থাকে)*
- *তথ্য ও পরামর্শের জন্য অনুরোধ করা হলে, খুব বেশি হলে ৭ টি কর্মদিবসের মধ্যে একটি উত্তর দেওয়ার প্রতিশ্রুতি*
- *অতিরিক্ত তথ্য ও পরামর্শের জন্য অন্য ব্যক্তি বা সংস্থাগুলির কাছে রেফার করার প্রতিশ্রুতি, যেখানে এটা আপনার পক্ষে উপযোগী হবে।*

আপনি যদি এই লিফলেটের কোনও বিষয়ে আরও তথ্য পেতে চান, অথবা আরও বড় ছাপার হরফে বা অন্য ভাষার সংস্করণ পেতে চান, তাহলে আপনার রিজিওনাল অফিসে যোগাযোগ করুন:

ইস্ট মিডল্যান্ডস (East Midlands)
39 Mapperley Road,
Nottingham NG3 5AQ
টে: 0115 962 8400
ফ্যা: 0115 962 8402
ই: eastmidlands@wea.org.uk
ও: www.weaeastmidlands.org

নর্থ ইস্ট (North East)
Joseph Cowen House,
21 Portland Terrace, Jesmond,
Newcastle upon Tyne NE2 1QQ
টে: 0191 212 6100
ফ্যা: 0191 212 6101
ই: northeast@wea.org.uk
ও: www.wea.org.uk

সাউথ ওয়েস্ট (South West)
Bradninch Court,
Castle Street, Exeter EX4 3PL
টে: 01392 457300
ফ্যা: 01392 457344
ই: southwest@wea.org.uk
ও: www.wea-sw.org.uk

ইস্টার্ন (Eastern)
Cintra House, 12 Hills Road,
Cambridge CB2 1JP
টে: 01223 417320
ফ্যা: 01223 417321
ই: eastern@wea.org.uk
ও: www.wea-eastern.org.uk

নর্থ ওয়েস্ট (North West)
The Cotton Exchange Building,
Suite 405, Old Hall Street,
Liverpool L3 9JR
টে: 0151 243 5340
ফ্যা: 0151 243 5359
ই: northwest@wea.org.uk
ও: www.nw.wea.org.uk

ওয়েস্ট মিডল্যান্ডস (West Midlands)
4th Floor, Lancaster House, 67
Newhall St, Birmingham B3 1NQ
টে: 0121 237 8120
ফ্যা: 0121 237 8121
ই: westmidlands@wea.org.uk
ও: www.westmidlands.wea.org.uk/

লন্ডন (London)
Unit 57 Riverside 2,
Sir Thomas Longley Road,
Rochester, Kent ME2 4DP
টে: 0800 328 1060
ফ্যা: 01634 298601
ই: london@wea.org.uk
ও: www.london.wea.org.uk

সাদার্ন (Southern)
Unit 57 Riverside 2,
Sir Thomas Longley Road,
Rochester, Kent ME2 4DP
টে: 0800 328 1060
ফ্যা: 01634 298601
ই: southern@wea.org.uk
ও: www.southern.wea.org.uk

ইয়র্কশায়ার ও হাম্বার
(Yorkshire & Humber)
Suite 10B, Joseph's Well,
Hanover Walk
Leeds LS3 1AB
টে: 0113 245 3304
ফ্যা: 0113 245 0883
ই: yorkshumber@wea.org.uk
ও: www.wea.org.uk/yh

WEA Learning for Life

Workers' Educational Association
4 Luke Street, London EC2A 4XW
***টেলি*: 020 7426 3450 *ফ্যাক্স*: 0207 426 3451**
***ইমেল*: national@wea.org.uk, www.wea.org.uk**

matrix™ quality standard for information advice and guidance services

Funded by Skills Funding Agency

ওয়ার্কার্স এডুকেশনাল অ্যাসোসিয়েশন (Workers' Educational Association (WEA)) হল ইংল্যান্ড ও ওয়েলসে (England and Wales) (নম্বর 1112775) এবং স্কটল্যান্ডে (Scotland) (নম্বর SC039239) নথিভুক্ত একটি দাতব্য প্রতিষ্ঠান এবং ইংল্যান্ড ও ওয়েলসে (England and Wales) (নম্বর 2806910) নথিভুক্ত গ্যারান্টি দ্বারা সীমিত একটি কোম্পানি। নথিবদ্ধ অফিস Workers' Educational Association, 4 Luke Street, London, EC2A 4XW